

বিষয় : বাংলা

Course : CC-X

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

ক) 'নীলদর্পণ' নাটকের প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কের কাহিনি কোন স্থানে শুরু হয়েছে?

খ) 'নীলদর্পণ' নাটকটি কবে, কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

গ) 'নীলের দাদন' ও 'নীলের গাদন'— কথাদুটির অর্থ লেখো।

ঘ) "যদি আপনাকে খানার সময় কেহ ধৃত করিয়া লইয়া যায় তবে মেম সাহেবের মনে কেমন পরিতাপ জন্মে।"— কে, কাকে, কী উপলক্ষে একথা বলেছে?

ঙ) "তুমি আচ্ছা দেওয়ান আছে, ভাল মতলব বার করেছিলে।"— বক্তা কে? 'মতলব'টি কী?

চ) "পরের জাত ঘরে আনে সামাল দিতি পাল্লাম না।"— কে, কোন কারণে এই কথা বলেছে?

ছ) কোন অহিনিকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে এবং কেন?

জ) "উহার মুখ রক্তমাখা কিরূপে হইল?"— কার মুখ? কেমন করে রক্তমাখা হল?

ঝ) "আজ ঝগড়া না, গান ধর।"— কে গান ধরতে বলেছে? কে গানটি গেয়েছে?

ঞ) "যাই হোক, সে পরে হবে, আপাতত বেতসিনীর ধারটায় একবার ঘুরে আসতে হচ্ছে।"— কে বলেছে? কোন কাজটি পরে হবে?

ট) "এবার সকলে মিলে তোমাদের শারদোৎসবের আবাহন-গানটি গাইতে গাইতে বনপথ প্রদক্ষিণ করে এসো।"— গানটি কী? গানটি কে ধরিয়ে দিয়েছে?

ঠ) "এ খবরটি আজ এ উপনদের কাছ থেকে পেয়েছি।"— কে, কোন খবরটি পেয়েছে?

ড) "তোমাকে তো স্বয়ং-রাজ্যও সন্দেহ করে না।"— কার উক্তি? কাকে সন্দেহ করে না?

ঢ) "এ আমি তোমাকেই আজ প্রথম দেখলাম।"— কে, কাকে কী দেখাল?

ণ) "কালুর মা বললে, তার ভাঞ্জে নিজের চক্ষে দেখে এসেছে"— কী দেখে এসেছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “ঠাকরুণ আমার প্রতি এমন সকোপ নয়নে কখন ত দৃষ্টি করেন নাই।”— ঠাকরুণ কে? তিনি কার প্রতি এমন দৃষ্টি কেন করেছেন ও তার পরিণতি কী ঘটেছে তা সংক্ষেপে লেখো।
- (খ) “দেখি বাবা কার হাতে বঁদর ভাল খেলে। কায়েত ধূর্ত আর কাক ধূর্ত।”— নাটকে বন্ধুর ধূর্তামির যে সমস্ত পরিচয় আছে তা সংক্ষেপে লেখো।
- (গ) “না কি এ ম্যাদের পিল হয় না”— উক্তিটি ব্যাখ্যা করো। উক্ত বিষয়টি বসু পরিবারে কী সর্বনাশ ঘটিয়েছিল সংক্ষেপে লেখো।
- (ঘ) “তাই এই শরৎ-প্রভাতের মান রাখার জন্য আমাকে আর একটা গান গাইতে হলো।”— কোন গানের বিরুদ্ধে কে কোন গানটি গেয়েছেন? দুটি গানের বক্তবোর মূল তফাত কী তা সংক্ষেপে লেখো।
- (ঙ) “সব ব্যাবসা যদি ছাড়তে পার তবেই এ ব্যাবসা চলবে।”— প্রসন্ন উল্লেখ করে ব্যাখ্যা করো।
- (চ) “তবে তো আমরা তাঁকে চিনি নি।”— নাটকে তাঁর যে পরিচয় উদ্ঘাটিত হয়েছে তা বর্ণনা করো।

১৫

১০×২=২০

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

- (ক) “ব্যাপক সামাজিক অভিজ্ঞতা এবং সর্বব্যাপিনী সহানুভূতি দীনবন্ধুর কাব্যের দোষগুণের কারণ।”— এই উক্তির আলোকে ‘নীলদর্পণ’ নাটকের চরিত্র-নির্মাণের গুণাগুণ বিচার করো।

অথবা,

- (খ) ট্রাজেডি হিসেবে ‘নীলদর্পণ’ নাটক কতটা সংকল তা যুক্তিসহ বিশ্লেষণ করে লেখো।
- (গ) “লোকে তাকে একটা মস্ত রাজা বলে মনে করে, কিন্তু সে নিতান্তই সাধারণ মানুষের মতো।”— এই উক্তির আলোকে সেই ‘মস্ত রাজা’র চরিত্রটি বিশ্লেষণ করো।

অথবা,

- (ঘ) ‘শারদোৎসব’ নাটকটিকে রূপক নাটক বলা যায় কি না যুক্তি দিয়ে লেখো।